দৈনিক ইত্তেফাক

তারিখ ... 11 DEC 1988
পৃষ্ঠা ... 02 ... কলাম ... 2

# জ্ঞান বৃদ্ধির জন্য অনানুষ্ঠানিক শিক্ষা পদ্ধতি সহায়ক

— শিক্ষামন্ত্রী

( ইত্তেফাক রিপোর্ট )

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলিয়াছেন যে, বিজ্ঞান ও প্রযুক্তিগত বিষয়ে সাধারণ মানুষের জ্ঞান বৃদ্ধির জন্য অনানুষ্ঠানিক শিক্ষা পদ্ধতি সর্বাধিক সহায়ক হইতে পারে। গতকাল (রবিবার) সকালে ঢাকাস্থ আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'বিদ্যালয় বহির্ভূত বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষা' শীর্ষক এক আন্তর্জাতিক কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী এই মন্তব্য করেন। এই কর্মশালায় বাংলাদেশের ৩৪ জন ছাড়াও মালয়েশিয়া, উত্তর কোরিয়া, চীন ইন্দোনেশিয়া, নেপাল ও শ্রীলংকা হইতে একজন করিয়া প্রতিনিধি অংশ নিতেছেন।

বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের সচিব আ, ন, ম, ইউসুফের সভাপতিত্বে অনুষ্ঠিত এই কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন শিক্ষা প্রতিমন্ত্রী মনসুর আলী সরকার এবং বক্তৃতা করেন বিজ্ঞান যাদুঘরের পরিচালক খান মোহাম্মদ মিরাজুল ইসলাম ও বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের যুগ্ম সচিব এম,এ, মুজিব চৌধুরী। পাঁচ দিনের এই কর্মশালা শিক্ষা মন্ত্রণালয়ের বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগ এবং জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি যাদুঘরের যৌথ ব্যবস্থাপনায় আয়োজিত হইয়াছে। কর্মশালা আয়োজনে সার্বিক সহযোগিতা করিয়াছে ইউনেসকো বাংলাদেশ জাতীয় কমিশন।

শেখ শহীদুল ইসলাম বলেন, যেকোন দেশের উন্নয়ন প্রচেষ্টার অন্যতম প্রধান চালিকাশক্তি হইতেছে বিজ্ঞান ও প্রযুক্তিগত জ্ঞান। ইহা আমাদের দৈনন্দিন জীবনের প্রতিটি কার্যক্রমের সাথেও ওতপ্রোতভাবে জড়িত।

মন্ত্রী বলেন, বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়নে প্রতিবেশী দেশসমূহ এবং অন্যান্য উন্নয়নকামী দেশগুলি হইতেও আমরা অনেক পিছাইয়া আছি। অবস্থা দ্রুত খারাপ হইতেছে। তিনি বলেন, আমাদের সম্পদ সীমিত। আমাদের বিপুল জনসংখ্যাকে উৎপাদনশীল কাজে লাগানোর উপযোগী করিয়া গড়িয়া তুলিতে হইবে।